



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো 2020 সালের স্টেট অফ দ্যা স্টেটের 25তম প্রস্তাব প্রকাশ করলেন: লেক জর্জের জলরাশির স্বাস্থ্য রক্ষা

*লেক জর্জ ওয়েস্টওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট আপগ্রেড করবে রাজ্য*

*অতিরিক্ত 9.4 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন প্রকল্প বাজেটের ব্যবধান পূরণ করবে এবং মোট রাষ্ট্রীয় বিনিয়োগ 14.9 মিলিয়ন মার্কিন ডলারে নিয়ে এসেছে*

*এই বিনিয়োগ গ্রামের করদাতাদের প্রায় 25 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ তার 2020 সালের স্টেট অফ দ্যা স্টেট কর্মসূচীর 25তম প্রস্তাব প্রকাশ করেন - লেক জর্জের জলরাশীর স্বাস্থ্য সুরক্ষিত করা। নিউ ইয়র্ক ওয়ারেন কাউন্টির লেক জর্জ গ্রামে অতিরিক্ত 9.4 মিলিয়ন মার্কিন ডলার গ্রান্ট হিসেবে প্রদান করবে তার বর্জ্য জল সংগ্রহ পরিকাঠামো মেরামতের জন্য এবং লেক জর্জের জলের গুণমান ও প্রাকৃতিক সৌন্দর্য সংরক্ষণ করার জন্য। এই 9.4 মিলিয়ন মার্কিন ডলার রাজ্য প্রদান করবে, জল পরিকাঠামো উন্নয়ন আইন অনুদানের 3 মিলিয়ন মার্কিন ডলার এবং একটি DEC-র অর্থায়ন করা 2.5 মিলিয়ন মার্কিন ডলারের জলের গুণমান উন্নতির প্রকল্প অনুদান ছাড়াও, যার ফলে প্রকল্পের বাজেটের একটি ফাঁক পূরণ করে এবং মোট রাষ্ট্রীয় বিনিয়োগ 14.9 মিলিয়ন মার্কিন ডলার করে তোলে। প্রকল্পের অবশিষ্ট খরচ এন্টায়রনমেন্টাল ফেসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation) থেকে একটি শূন্য সুদের ঋণের দ্বারা কভার করা হবে। এই বিনিয়োগের ফলে প্রায় 25 মিলিয়ন মার্কিন ডলারের মোট সাশ্রয় হবে গ্রামের করদাতাদের।

"লেক জর্জ নিউ ইয়র্কের বহু সুন্দর হ্রদ ও জলপথগুলির একটি রত্ন। এই গুরুত্বপূর্ণ জলের পরিকাঠামো প্রকল্পটি লেকের আদিম পানির অব্যাহত স্বাস্থ্য এবং অঞ্চলব্যাপী আরো অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করবে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক জলের গুণমান রক্ষার পথে নেতৃত্ব দিচ্ছে, যে কারণে রাজ্য ঐতিহাসিক 3 বিলিয়ন মার্কিন ডলার পৌরসভাগুলিতে বিনিয়োগ করবে এই চ্যালেঞ্জগুলোর সাথে সরাসরি মোকাবিলা করার জন্য।"

লেক জর্জ গ্রাম 2019 আগস্টে উল্লেখযোগ্য প্লান্ট আপগ্রেড শুরু করবে, এবং 2021 সালের আগস্টে নির্মাণ কাজ সম্পূর্ণ করবে। আপগ্রেড করা বর্জ্য জল ট্রিটমেন্ট প্লান্ট লেক জর্জের জলের গুণমান

বৃদ্ধি করবে এবং এই গ্রামের পুষ্টি দূষণ কমানোর চেষ্টা চালিয়ে অব্যাহত রাখবে যা হ্রদের বিখ্যাত পরিষ্কার জলে ঋতিকারক শৈবালের বৃদ্ধি শুরু করতে পারে। এই প্রকল্পের আনুমানিক খরচ হবে 24 মিলিয়ন মার্কিন ডলার ।

গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্কে নিরাপদ ও স্বাস্থ্যকর জলাশয়ের দীর্ঘ আয়ু নিশ্চিত করতে আগের চেয়ে বেশি কাজ করেছে রাষ্ট্র। 2018 সালে শুরু হওয়া, গভর্নরের 65 মিলিয়ন মার্কিন ডলারের বিস্তৃত উদ্যোগ ঋতিকারক অ্যালজি ফোটার ঝুঁকির মোকাবিলার জন্য অগ্রাধিকারযুক্ত জলাশয়গুলিকে লক্ষ্য করা হয়েছে রাজ্যজুড়ে। লেক জর্জ 12টি জলাশয়ের মধ্যে একটি যেখানে প্রবল কর্ম পরিকল্পনা অতিবাহিত হয়েছে। তাছাড়াও, গভর্নর 2017 সালের ক্লিন ওয়াটার ইনফ্রাস্ট্রাকচার অ্যাক্টের (Clean Water Infrastructure Act) মাধ্যমে এবং তার পরবর্তী প্রতিশ্রুতির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে জলের মান সংক্রান্ত প্রকল্পে 3 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছেন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)